

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৩.২০-১৩৬

তারিখঃ ০৭/১০/২০২০ খ্রিঃ

বিষয়ঃ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন “চামড়া শিল্প নগরী-ঢাকা (৪র্থ সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণাধীন এসটিপি সমন্বিত সিইটিপ’র নির্মাণ কাজের কার্যাদেশের মেয়াদ বার বার বৃদ্ধি করেও ঠিকাদারী প্রতিষ্ঠান JLEPCL-DCL JV কাজ সম্পন্ন করতে না পারায় চুক্তি মূল্যের ওপর শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১০% এলডি কর্তনের শর্তারোপ বিষয়ে মতামত প্রদান।


সূত্রঃ-৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০৫.১৩/২৬৭; তারিখঃ ১৩/০৯/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্রে সংযুক্ত চুক্তির বিশেষ শর্তাবলির (PCC) Clause-76 পর্যালোচনায় দেখা যায় মোট চুক্তি মূল্যের ওপর বিলম্বজনিত ক্ষতিপূরণ (LD) আরোপের শর্তারোপ করা হয়েছে। প্রকৃতপক্ষে, LD আরোপ করা হয় বিলম্বে সম্পাদিত কাজের আর্থিক মূল্যের ওপর, মোট চুক্তি মূল্যের ওপর নয় (সূত্রঃ আদর্শ দরপত্র দলিল, PW3 এর PCC Clause 71.1)।

০২। সূত্রস্থ পত্রের জবাবে আরো জানানো যাচ্ছে যে, ঠিকাদার কর্তৃক চুক্তিতে নির্ধারিত কাজ সম্পাদনে বিলম্ব হলে চুক্তির সাধারণ শর্তাবলির (GCC) সংস্থানের ধারাবাহিকতায় চুক্তির বিশেষ শর্তাবলিতে (PCC) LD’র হার উল্লেখ করা যায়। তবে কোনক্রমেই উক্ত হার মোট চুক্তিমূল্যের ওপর নির্ধারণ করার সুযোগ নেই। অধিকন্তু মোট পুঞ্জীভূত LD মোট চুক্তি মূল্যের ১০% এর বেশি হবে না মর্মে আদর্শ দরপত্র দলিলের PCC অংশে নির্দেশনা আছে।

০৩। উল্লেখ্য, ঠিকাদার কর্তৃক চুক্তির শর্তানুযায়ী কাজ সম্পাদনে ব্যর্থতার জন্য চুক্তির সাধারণ ও বিশেষ শর্তাবলির (GCC ও PCC) আলোকে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

সচিব
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।


(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০১

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।